

দুরালাপনী : অফিসঃ ২৫১৩৮০১-৩ ফ্যাক্সঃ ২৫১৩৮০৪

সিএন্ডএফ এজেন্টস্ হল ৭১২১৭৬/ফ্যাক্সঃ ৭১৪১৩৭

Website-www.cnfctg.org- -www.cnfctg.net.

E-mail: cnfctg.@gmail.com: cnfctg@yahoo.com

## চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আখাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০।

প্রচার পত্র নং- ২৮/২০১৫

সকল সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

তারিখঃ ০৬/০৫/২০১৫খ্রিঃ

২৩ বৈশাখ, ১৪২২ বাংলা

### মালিকানা সার্টিফিকেট এর বিপরীতে লভ্যাংশ প্রদান সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি

সি এন্ড এফ টাওয়ারের সার্টিফিকেটধারী সদস্য/সদস্যদের দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে- সি এন্ড এফ টাওয়ারের সার্টিফিকেটের বিপরীতে ২০১৪ সনের লভ্যাংশের চেক হস্তান্তর কার্যক্রম গ্রহণ করা হয়েছে। নিম্নবর্ণিত প্রক্রিয়া সম্পন্ন করে প্রতিটি সার্টিফিকেটধারী প্রতিষ্ঠানকে এসোসিয়েশন কার্যালয়ে যোগাযোগ করে আগামী ১২/০৫/২০১৫ইং তারিখ হতে চেক গ্রহণের জন্য অনুরোধ জানান হলো।

সার্টিফিকেটধারী প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী, ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা অংশীদার স্বয়ং চেক গ্রহণ করতে পারবেন। কোন যুক্তিসংগত কারণে তাঁদের পক্ষে চেক গ্রহণ করা সম্ভব না হলে তাঁদের ক্ষমতা প্রাপ্ত প্রতিনিধি ক্ষমতায়ন পত্র দাখিল সাপেক্ষে তা গ্রহণ করতে পারবেন। সেক্ষেত্রে প্রতিষ্ঠানের লেটার হেড এ প্রদত্ত ক্ষমতায়ন পত্রে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির পূর্ণ নাম, পদবী, নমুনা স্বাক্ষর, মোবাইল নম্বর ও প্রতিষ্ঠানের লাইসেন্স নং সংবলিত বিবরণী স্বত্বাধিকারী, ব্যবস্থাপনা পরিচালক বা ব্যবস্থাপনা অংশীদার কর্তৃক প্রত্যয়ন করতে হবে।

যে সকল সার্টিফিকেটধারী প্রতিষ্ঠান অদ্যাবধি Contribution Certificate এর জন্য আবেদন করেননি, তাঁদের দ্রুততম সময়ের মধ্যে আবেদন করে Contribution Certificate এর বিপরীতে প্রদত্ত লভ্যাংশ গ্রহণের জন্য অনুরোধ জানাচ্ছি।

যারা এ পর্যন্ত Borrowing Certificate এর বিপরীতে প্রদত্ত অর্থ ফেরত এবং লভ্যাংশ গ্রহণ করার জন্য আবেদন করেননি তাদের দ্রুততম সময়ের মধ্যে আবেদন করার জন্য অনুরোধ জানাচ্ছি। উল্লেখ্য, যে সকল সার্টিফিকেটধারী প্রতিষ্ঠান ইতিমধ্যে Borrowing Certificate এর বিপরীতে অর্থ ফেরত গ্রহণ করেছেন তাদের পুনঃআবেদন করার প্রয়োজন নেই।

স্বাক্ষরিত/-

মোঃ আলতাফ হোসেন চৌধুরী (বাচ্চু)

সাধারণ সম্পাদক

ও

সদস্য সচিব

সি এন্ড এফ টাওয়ার পরিচালনা কমিটি।

পৃষ্ঠা নং- ২৮

